দৈনিক বাংলা

তারিখ ..26 DEC 1995 ....
পৃষ্ঠা ... ৫ কলাম ৬......

35

## খাদ্যের বিনিময়ে শিক্ষা কর্মসূচীর গম

আমরা মানিকগঞ্জ জেলার তরা গ্রামের বাশিন্দা। আমাদের এলাকার তরা সরকারী প্রাথমিক বিদ্যালয় নামে একটি স্কুল আছে। এখানে খাদ্যের বিনিময়ে শিক্ষা কর্মসূচীর আওতায় সরকার থেকে যে গম আসছে তা যোগসাজশে কতিপয় লোক আত্মসাৎ করে নিচ্ছে বলে অভিযোগ রয়েছে। ফলে মেম্বারদের যেমন সরকার প্রদত্ত এই গম তথা খাদ্য প্রাপ্তি থেকে যেমন বঞ্চিত হচ্ছে, তেমনি খাদ্যের বিনিময়ে শিক্ষা কর্মসূচীর উদ্দেশ্যও ব্যাহত হচ্ছে। গরীব ছাত্রছাত্রীরা স্কুলে যাওয়া ছেড়ে দিয়ে মাঠে কাজ করে খাদ্যের সংস্থান করছে। এতে তাদের লেখাপড়া বন্ধ হয়ে যাওয়ার উপক্রম হয়েছে। তাই এ বিষয়ে যথাযথ তদন্ত সাপেক্ষে দোষী ব্যক্তিদের যথাবিহিত শাস্তি দান করে সরকারের এই মহৎ কর্মসূচীটিকে সফল করে তোলার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা জরুরী প্রয়োজন। এ ব্যাপারে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের আশু দৃষ্টি আকর্ষণ করছি।

**মোঃ রফিজ উদ্দীন মোল্লা**
শ্রী শ্যামল শাহা
মোঃ জালাল ব্যাপারী
মোঃ ছালাম মিয়া
আবদুল গফুর মিয়া ও
মোঃ ছুরহাব দেওয়ান
তরা, মানিকগঞ্জ।